# ---------- KNIT DYEING MILLS LTD.

## লে-অফ নীতিমালা

| **Doc No.** AKDML/POL/COM/07 | **Revision:** 01 | **Date:** 01/01/2020 |
|---|---|---|

| **DISTRIBUTED TO** |
|---|
| **-Directors/GMs/ DGMs/ AGMs/ Managers/Supervisors/Notice boards** |

| **DOCUMENT REVISION HISTORY** | | |
|---|---|---|
| **Revision Status** | **Date** | **Change Description** |
| | | |

| **Prepared By** | **Checked By** | **Approved By** |
|---|---|---|
| --------------Hasan<br>Deputy Manager (Compliance) | Md. -----Hossain<br>AGM- Admin & Compliance | -------------Mahmood<br>Head of HR, Admin, Compliance & Operations |
| | | |

Corporate Head Office: Confidence Center, 9/Kha,
Shahazadpur, Gulshan, Dhaka-1212, Bangladesh.
Tel: 880-2-9897529, 9897519, 9854789, 8828139
8828254 Fax: 880-2-9850330, 8852748
E-mail: info@palmalgarments.com
Web Site: www.palmalgroup.net

# লে-অফ নীতিমালা

**সূচনাঃ**

**আরকে নীট ডাইং মিলস লিমিটেড** কর্মী নিয়োগ এবং কর্মীর চাকুরীর অবসান করার ক্ষেত্রে কোন পক্ষপাতিত্ব বা বৈষম্যমূলক আচরন করে না। কর্মীদের চাকুরীর নিরাপত্তার ক্ষেত্রে কারখানা কর্তৃপক্ষ সচেষ্ট রয়েছেন। তদুপরি কোন কারনে শ্রমিকের চাকুরীর অবসান ঘটানোর প্রযোজ্যতায় কর্তৃপক্ষ কারখানার লে-অফ নীতিমালা মেনে চলে।

**উদ্দেশ্য ও লক্ষ্যঃ**

- অসম পরিস্থিতি ও জরুরী প্রয়োজনে কারখানা বন্ধ রাখা।
- আকস্মিক বিপত্তি, অগ্নিকাণ্ড, যান্ত্রিক বিপর্যয়, বিদ্যুৎ সরবরাহ বন্ধ, প্রাকৃতিক বিপর্যয়, রাজনৈতিক হাঙ্গামা ইত্যাদি যে কোনো ধরনের কর্তৃপক্ষের নিয়ন্ত্রণ বহির্ভুত কারনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা ইউনিট বা শাখা আংশিক বা সম্পূর্ণ বন্ধ রাখা।

**আইনের বিধানঃ**

- **আরকে নীট ডাইং মিলস লিমিটেড** বাংলাদেশ শ্রম আইন ২০০৬ (সংশোধিত ২০১৮), বাংলাদেশ শ্রম বিধিমালা ২০১৫ এর সকল প্রয়োজনীয় সকল বিধি বিধান পালনের উদ্দেশ্যে এবং বিভিন্ন ক্রেতা/ বায়ারের পরামর্শ ও মতামতের ভিত্তিতে এই নীতিমালা গঠন করা হয়েছে।

**অঙ্গীকারঃ**

- **আরকে নীট ডাইং মিলস লিমিটেড** বাংলাদেশ শ্রম আইন ২০০৬ (সংশোধিত ২০১৮), বাংলাদেশ শ্রম বিধিমালা ২০১৫ এর সকল প্রয়োজনীয় সকল বিধি বিধান পালনের উদ্দেশ্যে এবং বিভিন্ন ক্রেতা/ বায়ারের পরামর্শ ও মতামতের ভিত্তিতে গঠিত লে-অফ নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়নে দৃঢ় প্রতিজ্ঞ।

**দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিবর্গঃ**

- লে-অফ নীতিমালা প্রণয়ন ও কর্মক্ষেত্রে তার সুষ্ঠু প্রয়োগের জন্য বিভাগীয় প্রধান (এইচ আর, এডমিন এন্ড কমপ্লায়েন্স) সংগঠকের ভূমিকায় রয়েছেন। তাকে সহায়তার জন্য মানব সম্পদ ও কমপ্লায়েন্স বিভাগে নিয়োজিত কর্মকর্তাগন সদা তৎপর।

**বাস্তবায়ন/কার্যকারিতার সময়ঃ**

- **আরকে নীট ডাইং মিলস লিমিটেড** এর লে-অফ নীতিমালা অদ্য ০১-০১-২০২০ ইং তারিখ হতে বাস্তবায়ন/কার্যকর বলে বিবেচ্য হবে।

Corporate Head Office: Confidence Center, 9/Kha,
Shahazadpur, Gulshan, Dhaka-1212, Bangladesh.
Tel: 880-2-9897529, 9897519, 9854789, 8828139
8828254 Fax: 880-2-9850330, 8852748
E-mail: info@palmalgarments.com
Web Site: www.palmalgroup.net

**লে-অফ নীতিমালার কার্যপ্রণালীঃ**

- **কাজ বন্ধ রাখাঃ**
  - যে কোন ধরনের আকস্মিক বিপত্তি, অগ্নিকাণ্ড, যান্ত্রিক বিপর্যয়, বিদ্যুৎ সরবরাহ বন্ধ, প্রাকৃতিক বিপর্যয়, রাজনৈতিক হাঙ্গামা ইত্যাদি ধরনের কোনো দুর্ঘটনা ঘটলে কর্তৃপক্ষের নিয়ন্ত্রণ বহির্ভুত কারনে সংশ্লিষ্ট কারখানা বা ইউনিট বা শাখা আংশিক বা সম্পূর্ণ বন্ধ রাখা হবে।
  - বন্ধের কারন, বন্ধের আওতাভুক্ত ইউনিট বা শাখাসমূহ, বন্ধের সম্ভাব্য মেয়াদ, বন্ধকালীন মেয়াদে শ্রমিক ও কর্মচারীবৃন্দের উপস্থিতির প্রসঙ্গ ইত্যাদি উল্লেখপূর্বক তাৎক্ষনিক ভাবে লিখিত নোটিশ/ বিজ্ঞপ্তি জারি করা হবে।
  - কারখানা বা এর কোন অংশ বিশেষ বা বিভাগে সৃষ্ট বে-আইনি ধর্মঘটের কারনে কর্তৃপক্ষ প্রযোজ্য ক্ষেত্রে কারখানা, অংশ বিশেষ, বিভাগ বা শাখা সমূহ বন্ধ ঘোষণা করতে পারবেন।
  - এরুপ বন্ধের ক্ষেত্রে অন্য কোন শাখা বা ইউনিটে যারা বে-আইনি কর্মকান্ডে জড়িত নন তাদের কাজকর্ম ব্যহত হলে প্রয়োজনে কারখানা কর্তৃপক্ষ উক্ত শাখা বা ইউনিট'ও এর আওতায় বন্ধ ঘোষণা করতে পারবেন।
  - বন্ধকালীন মেয়াদে শ্রমিক/কর্মচারীদের মজুরি প্রদানের বিষয়টি সম্পূর্ণরুপে শ্রম আইন/শ্রম বিধিমালা অনুযায়ী প্রদেয় হবে।

- **বন্ধের বিষয়ে করণীয়ঃ**
  - যে কোন কারনে কারখানা বা ইউনিট বা শাখা বন্ধ হওয়ার উপক্রম হলে কর্তৃপক্ষ এবং শ্রমিক/ কর্মচারীবৃন্দ যৌথ প্রচেষ্টায় উক্ত কারণ দূর করা বা প্রতিরোধ করার জন্য সার্বিক উদ্যোগ গ্রহণ করবেন।
  - নিয়ন্ত্রণ বহির্ভূত কারনে বন্ধ হলে কর্তৃপক্ষ বন্ধের নোটিশ/বিজ্ঞপ্তি জারি করলে শ্রমিক/কর্মচারীবৃন্দ কাজ না থাকা স্বত্ত্বেও প্রযোজ্য হলে প্রত্যেহ নিয়মিত হাজিরা প্রদান করবেন।
  - অবৈধ ধর্মঘটের কারণে প্রতিষ্ঠান বন্ধ হলে উভয় পক্ষ সমস্যার সম্মানজনক সমাধানের লক্ষ্যে সর্বপ্রকার উত্তেজনাকর আচরণ হতে বিরত থাকবেন।
  - বন্ধের কারন হতে পারে এরুপ সকল প্রকার অসৎ শ্রম আচরণ প্রর্দশন হতে উভয় পক্ষ বিরত থাকবেন।
  - সমস্যার আইনগত সমাধানকে উভয় পক্ষ সর্ব সম্মতিক্রমে স্বাগত জানাবে।

- **লে-অফঃ**
  - নিয়ন্ত্রণ বহির্ভূত কোন কারণে কারখানা বা ইউনিট বা অংশ বিশেষ বা কোন শাখার কাজ বন্ধ হওয়া অথবা শিল্প বিরোধ জনিত কর্ম বিরতি বা বে-আইনি ধর্মঘটের ফলে আক্রান্ত নির্দোষ

Corporate Head Office: Confidence Center, 9/Kha,
Shahazadpur, Gulshan, Dhaka-1212, Bangladesh.
Tel: 880-2-9897529, 9897519, 9854789, 8828139
8828254 Fax: 880-2-9850330, 8852748
E-mail: info@palmalgarments.com
Web Site: www.palmalgroup.net

শাখাসমূহও বন্ধ রাখার বিষয়টি যদি কমপক্ষে তিন দিন পর্যন্ত চলমান থাকে তবে কারখানা বা ইউনিট বা অংশ বিশেষ বা কোন শাখার শ্রমিক/কর্মচারীদের লে-অফ করা হবে।

- লে-অফের আওতাভুক্ত শ্রমিক/কর্মচারীবৃন্দের লে-অফ কালীন মেয়াদের ক্ষতিপূরণ শ্রম আইনের বিধান অনুসারে প্রদেয় হবে।
- প্রতিষ্ঠানের স্থায়ী শ্রমিক/কর্মচারী ব্যতীত অন্যান্য শ্রেণীর শ্রমিক/কর্মচারী যারা শ্রম আইনে বর্ণিত অবিচ্ছিন্ন এক বছর চাকুরীর শর্ত পূরণ করেছেন এবং প্রতিষ্ঠানের মাষ্টার রোল বা তালিকাভুক্ত রয়েছেন এমন সকল শ্রমিক/কর্মচারী লে-অফ কালীন ক্ষতিপূরণ পাবেন।
- লে-অফের মেয়াদ বিচ্ছিন্নভাবে বা একটানা পঁয়তাল্লিশ দিন বা ততোধিক সময় চলমান হওয়ার সম্ভাবনা থাকলে এবং উক্ত মেয়াদের পর প্রতিষ্ঠান বা শাখাসমূহ পুনঃ চালু করার সম্ভাবনা না থাকলে এ বিষয়ে শ্রমিক/কর্মচারীদের সাথে আলোচনার মাধ্যমে কর্তৃপক্ষ যথাশীঘ্র চুক্তি সম্পন্ন করবেন।
- চুক্তিতে লে-অফ অধিকতর চলমান করা হলে প্রযোজ্য ক্ষেত্রে শ্রম আইনের বিধান অনুযায়ী প্রদেয় ক্ষতিপূরণ সাপেক্ষে শ্রমিক/কর্মচারী ছাঁটাই করার বিষয়ে সুস্পষ্ট উল্লেখ থাকবে।

### ❖ ছাঁটাইয়ের শর্তাবলীঃ

- ছাঁটাই সাধারণ ভাবে প্রয়োজনের অতিরিক্ততার কারণে অথবা নূন্যতম পঁয়তাল্লিশ দিনের বেশী লে-অফ জনিত বন্ধের পরে করা হবে।
- বিশেষ শাখা বা বিশেষ শ্রেণীর শ্রমিক/কর্মচারীদের ছাঁটাইয়ের ক্ষেত্রে সর্বশেষ নিযুক্ত শ্রমিক/কর্মচারী প্রথমে ছাঁটাই এই পদ্ধতি অনুসরণ করা হবে।
- পুনঃ নিয়োগের ক্ষেত্রে ছাঁটাইকৃত শ্রমিক/কর্মচারীদের পূর্বের চাকরির ভিত্তিতে অগ্রাধিকার দেওয়া হবে।
- ছাঁটাই সংক্রান্ত গৃহীত সকল নোটিশ, চুক্তি ও সিদ্ধান্তসমূহ সময়ে সময়ে প্রধান পরিদর্শকের নিকট প্রেরণ করতে হবে।

**উপসংহারঃ**

**আরকে নীট ডাইং মিলস লিমিটেড** তার শ্রমিক/কর্মচারীদের চাকুরীর নিরাপত্তা প্রদানে সদা সচেষ্ট। তদুপরি কোন কারনে শ্রমিকের চাকুরীর অবসান ঘটানোর প্রযোজ্যতায় তার প্রাপ্য সকল সুবিধা প্রদানে বদ্ধ পরিকর।

| প্রস্তুতকারী | পর্যবেক্ষন ও নিরীক্ষনকারী | অনুমোদনকারী |
|---|---|---|